# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 01-09-2026 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

1) মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনায় সাংবাদিকদের অন্তর্ভূর্তি ও সাংবাদিক পেনশন প্রকল্পের সূচনা করে দেশপ্রেম ও ধর্মীয় আস্থার প্রশ্নে সংবেদনশীল হতে সংবাদমাধ্যমের প্রতি আহ্বান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর।

2) দুর্যোগ মোকাবিলায় ত্রাণ ও উদ্ধার দ্রুততর করতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্তদের নিয়ে অর্জুন বাহিনী তৈরি করল রাজ্য সরকার।
বাড়ল ভিলেজ পুলিশ ভলান্টিয়ারদের মাসিক সাম্মানিক।

3) ডেঙ্গু সংক্রমণ রোধের ওপর সতর্ক নজর রেখেছে রাজ্য সরকার - স্বাস্থ্য ভবনে ডেঙ্গু পর্যালোচনা বৈঠকের পর বললেন মুখ্যমন্ত্রী।

4) ক্যামাকস্ট্রীট কান্ডে শেক্সপিয়ার সণরী থানায় হাজিরা তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের। প্রায় সাড়ে পাঁচ ঘণ্টা জেরা।

5) এক সপ্তাহব্যাপী উপভোক্তা অধিকার সুরক্ষা সপ্তাহের সূচনা। জেলায় জেলায় খাদ্য সুরক্ষা দফতরের বিশেষ অভিযান।

6) বিশেষভাবে সক্ষম শিশুদের বিদ্যালয়মুখী করে তুলতে বিশেষ উদ্যোগ নিতে চলেছে বিদ্যালয় শিক্ষা দফতর। সরকারী স্কুলে বিশেষ পরিকাঠামো তৈরির প্রস্তুতি।

7) সুস্পষ্ট নিম্নচাপের প্রভাবে আগামী ২৪ ঘণ্টায় কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টির পূবাভাস।

**০০০০০০০০০০০০০০০০০**

সরকারের সমালোচনা করলেও দেশপ্রেম ও ধর্মীয় আস্থার প্রশ্নে সংবেদনশীল হতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সংবাদমাধ্যমের প্রতি আহ্বান জানিয়েছেন। নবান্নে আজ সাংবাদিকদের জন্য চালু হওয়া মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনা এবং সাংবাদিক পেনশন প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন, যেকোনো ধরনের সমালোচনা তিনি মাথা পেতে নিতে প্রস্তুত।

সংবাদমাধ্যমকে গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ হিসাবে উল্লেখ করে তিনি বলেন, সরকারের গঠনমূলক সমালোচনার পাশাপাশি সংবাদ পরিবেশনের ক্ষেত্রে জাতীয় স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া উচিত। এমন কোনও ভাষা বা শব্দ ব্যবহার করা উচিত নয়, যাতে কোনও সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী জানান, এবার থেকে মাসে পাঁচ হাজার টাকা করে পেনশন পাবেন অবসরপ্রাপ্ত সাংবাদিকরা। এই বিষয়ে অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত আগেই বাজেটে ঘোষণা করেছিলেন।

এদিকে, মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনায় যেসব সাংবাদিকরা অন্তর্ভুক্ত হয়েছেন, মুখ্যমন্ত্রী আজ তাদের হাতে কার্ড তুলে দেন। তিনি বলেন, এর অধীনে রাজ্যের এক হাজার ৯০০ টি হাসপাতালে চিকিৎসার সুযোগ পাওয়া যাবে।

**০০০০০০০০০০০০০০০০০**

দুর্যোগ মোকাবিলায় ত্রান ও উদ্ধার কাজ দ্রুত করতে রাজ্য সরকার বিশেষ প্রশিক্ষনপ্রাপ্তদের নিয়ে অর্জুন বাহিনী তৈরি করেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নবান্নে সৈনিক বোর্ড থেকে নেওয়া ২০০ জনকে নিয়ে তৈরি এই বাহিনীর সূচনা করে বলেন, এনডি আর এফ এর অনুকরনে আগামী দিনে এই বাহিনীকে আরও শক্তিশালী করে তোলা হবে। এই দুশো জনের মধ্যে একশো জনকে নিয়ে গঠিত একটি উদ্ধারকারী দলকে কলকাতায় এবং ৫০ জন করে দুটি দলকে দূর্যোগপ্রবন দার্জিলিং ও সুন্দরবনে রাখা হবে বলে তিনি জানিয়েছেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এই বাহিনীতে নিয়োগের ক্ষেত্রে অগ্নিবীরের সঙ্গে অবসরপ্রাপ্ত সেনা কর্মীদের অগ্রাধিকার দেওয়া হবে। দুর্যোগ সামলাতে অসামরিক প্রতিরক্ষা দপ্তর, এনডিআরএফ, এসডিআরএফ, রাজ্য

পুলিশ, সেনাবাহিনী, আধা-সামরিক বাহিনী, দমকল এবং পুরসভার মধ্যে সমন্বয় রেখে তাদের একযোগে কাজ করার নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০০

সার্বিক নিরাপত্তা ও পরিকাঠামো ব্যবস্থা খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ হঠাতই কলকাতায় প্রেসিডেন্সি সংশোধনাগার পরিদর্শন করেন। সেখানে থাকা বন্দীদের সঙ্গে কথা বলে তাদের বিভিন্ন সুযোগ-সুবিধা ও সমস্যার খোঁজ খবর নেন তিনি। কথা বলেন দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের সঙ্গেও।

উল্লেখ্য এই সংশোধনাগারে বন্দী কলকাতায় আমেরিকান সেন্টারে জঙ্গী হামলার মুলচক্রী আফতাব আনসারীর সেল থেকে সম্প্রতি আইফোন, ওয়াইফাই রাউটার সহ প্রচুর বৈদ্যুতিন যন্ত্রপাতি ও নগদ টাকা উদ্ধার হওয়ার হওয়ার পরেই মুখ্যমন্ত্রীর এই পরিদর্শন যথেষ্ট গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার ভিলেজ পুলিশ ভলেন্টিয়ারদের মাসিক সাম্মানিক বাড়িয়েছে। স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দপ্তর থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে অর্থ দপ্তরের অনুমতি মেলার পরে রাজ্য পুলিশের অধীনে কর্মরত ভিলেজ পুলিশ ভলেন্টিয়ারদের দৈনিক সাম্মানিক ৩৭৮ টাকা থেকে বাড়িয়ে ৪৪৫ টাকা করার কথা বলা হয়েছে। আগস্ট মাস থেকে এই বর্ধিত সাম্মানিক কার্যকর হবে। উল্লেখ্য, এর আগে রাজ্য সরকার কলকাতা ও রাজ্য পুলিশে কর্মরত সিভিক ভলেন্টিয়ারদের মাসিক ভাতা দুই হাজার টাকা করে বৃদ্ধির ঘোষণা করেছিল।

০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ স্বাস্থ্যভবনে রাজ্যের ডেঙ্গু পরিস্থিতি পর্যালোচনা করেন। পরে সাংবাদিকদের তিনি বলেন, অনেক পুরসভার চেয়ারম্যান কাজ না করলেও রাজ্য সরকার ডেঙ্গু সংক্রমণ রোধের ওপর সতর্ক নজর রেখেছে। গতবারের থেকে এবার

সংক্রমণের মাত্রা অনেক কম। রাজ্যে এপর্যন্ত ১৪৮ জন ডেঙ্গু আক্রান্ত হয়েছেন। মুর্শিদাবাদ ও নদীয়ায় আক্রান্তের সংখ্যা বেশি। আগের সরকার ডেঙ্গু সংক্রমণের খবর চেপে দেওয়ার চেষ্টা করত বলে অভিযোগ ক'রে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে সংক্রমণ ঠেকাতে সর্বাত্মক ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(বাইট – মুখ্যমন্ত্রী/ডেঙ্গু)

<u>০০০০০০০০০০০০০০০০০</u>

ক্যামাকস্ট্রীটে তৃণমূল কংগ্রেসের দপ্তরে অশান্তি ও পুলিশ নিগ্রহের ঘটনায় তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জী আজ দুপুরে শেক্সপিয়ার সরণী থানায় হাজিরা দেন। গত শনিবার নোটিশ পাঠিয়ে তাকে তলব করা হয়েছিল। তাকে প্রায় সাড়ে পাঁচ ঘন্টা জেরা করা হয়।

সংবাদমাধ্যমকে অভিষেক বলেন, ক্যামাক স্ট্রিটের পার্টি অফিসে বিল বোর্ড খোলা নিয়ে অতিসক্রিয়তা দেখিয়েছে পুলিশ। বৃহস্পতিবার ক্যামাক স্ট্রিটে কোনও শ্লীলতাহানি হয়নি বলে দাবি করেন অভিষেক। তার দাবি, ওইদিন তৃণমূলের কর্মীদের সিঁড়ি দিয়ে টানতে টানতে নিয়ে যাওয়া হয়। হেফাজতেও তাঁদের হেনস্তার অভিযোগ তুলেছেন অভিষেক।

উল্লেখ্য ক্যামাকস্ট্রীটের ঘটনায় তিনটি এফআইআর দায়ের হয়েছে। অভিষেকের বিরুদ্ধে সরকারি কাজে বাধা, আধিকারিকদের নিগ্রহ, পুলিশ কর্মীদের হেনস্থা এবং শ্লীলতাহানির চেষ্টায়র মামলা রুজু হয়। এরপরই অভিষেক সহ ডেরেক ওব্রায়েন, বৈশ্বানর চট্টোপাধ্যায় এবং অভিষেকের আপ্ত সহায়ক সুমিত রায়কে তলব করে পুলিশ।

এই ঘটনায় আগেই ১৪ জনকে গ্রেপ্তার করা হয়। তাদের আগামীকাল আদালতে তোলা হবে।

<u>০০০০০০০০০০০০০০০০০</u>

॥রাজ্যে চালের দাম বাড়ার কোনও যৌক্তিক কারণ নেই বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মনে করেন। কলকাতার নিউমার্কেট চত্বরে আজ উপভোক্তা অধিকার সুরক্ষা সপ্তাহের সূচনা করে তিনি বলেন চাল যেহেতু রাজ্যেই উৎপাদিত হয়, তাই তার দাম অস্বাভাবিকভাবে বাড়ার কথা নয়। তবে খুচরো বাজারে কিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বেড়েছে বলে তিনি স্বীকার করেন।

মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, মুনাফার আশায় কিছু ব্যবসায়ী মিষ্টি, সবজি ও মাছে নিষিদ্ধ রং ব্যবহার করছেন। এই ধরনের কারচুপির বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়া হচ্ছে বলেও জানান তিনি।

(বাইট-মুখ্যমন্ত্রী ক্রেতা সুরক্ষা)

হগ মার্কেটের সামনে এক সপ্তাহব্যাপী উপভোক্তা অধিকার সুরক্ষা সপ্তাহের উদ্বোধনও করেন মুখ্যমন্ত্রী। উপস্থিত ছিলেন ক্রেতা সুরক্ষা দফতরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী ইন্দ্রনীল খাঁ।

<u>ooooooooooooooooo</u>

উপভোক্তা অধিকার সুরক্ষা সপ্তাহ উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন জেলায় আজ খাদ্য সুরক্ষা দফতরের পক্ষ থেকে বিশেষ অভিযান চালানো হয়।

পশ্চিম বর্ধমান জেলার সালানপুর ব্লকের রূপনারায়ণপুর এলাকায় কয়েকটি দোকানে কিছু অনিয়ম ধরা পড়ে। কয়েকটি খাবার দোকানে রান্নায় ব্যবহৃত সন্দেহজনক মশলার নমুনা সংগ্রহ করে গবেষণাগারে পরীক্ষার জন্য পাঠানো হয়েছে।

দুর্গাপুরে বিশেষ খাদ্য নিরাপত্তা সচেতনতা সপ্তাহ শুরু করেছে জেলা প্রশাসন। আগামী সাত দিন ধরে শহর ও ব্লকের বিভিন্ন রেস্তোরাঁ, হোটেল এবং বাজারে নজরদারি চালাবে বিশেষ দল।

পূর্ব বর্ধমানের শক্তিগড়েও একাধিক খাবারের দোকানে অভিযান চালানো হয়। বড় ধরনের গরমিল না ধরা পড়লেও কয়েকটি দোকানে মেয়াদোত্তীর্ণ খাবার মেলে। সেগুলি তৎক্ষণাৎ নষ্ট ক'রে ফেলা হয়।

পূর্ব মেদিনীপুরের দীঘাতেও হোটেলগুলির খাদ্য নিরাপত্তা খতিয়ে দেখতে খাদ্য সুরক্ষা দপ্তরের আধিকারিকদের নিয়ে আজ এক বিশেষ অভিযান চালান পূর্ব মেদিনীপুরের জেলাশাসক নিরঞ্জন কুমার। অনিয়ম মেলায় দুটি রেস্তোরাঁ বন্ধ করে দেওয়া হয়েছে।

oooooooooooooooo

মুর্শিদাবাদের ফারাক্কা থানার নিউ ফারাক্কা বাস স্ট্যান্ড এলাকা থেকে প্রায় দেড় কেজি এমডিএমএ সহ এক মহিলাকে গ্রেপ্তার করেছে। আন্তর্জাতিক বাজারে এর মূল্য প্রায় পাঁচ কোটি টাকা। লাভ ড্রাগ বা মলি নামে পরিচিত এই মাদক সাম্প্রতিক সময়ে রাজ্যের অন্য কোনো জায়গা থেকে উদ্ধার হয়নি। গোপন সূত্রে খবর পেয়ে পুলিশ লালগোলা থানার সুভাষ পল্লীর বাসিন্দা শেফালি হালদার নামে ঐ মহিলাকে পাকড়াও করে।

এদিকে, জেলার শক্তিপুরে ক্ষতিকারক রাসায়নিক নকল দুধের ব্যবসা চক্র ভেঙে দিয়েছে জেলা এনফোর্সমেন্ট ব্রাঞ্চ - ডিইবি। FSSAI আধিকারিকদের সঙ্গে নিয়ে চালানো এই অভিযানে ১৭ টি জারে প্রায় ৬৮০ লিটার রাসায়নিক মেশানো দুধ উদ্ধার করা হয়। ঘটনায় এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

oooooooooooooooo

বিভিন্ন কারণে শিক্ষার মূল স্রোত থেকে সরে যাওয়া বিশেষ ভাবে সক্ষম শিশুদের বিদ্যালয়মুখী করে তুলতে রাজ্যের বিদ্যালয় শিক্ষা দপ্তর বিশেষ উদ্যোগ গ্রহণ করতে চলেছে। অন্তর্ভুক্তিমূলক এই শিক্ষা ব্যবস্থার পথনির্দেশিকা তৈরি করার উদ্দেশ্যে রাজ্যের বিদ্যালয় শিক্ষা দপ্তর ও UNICEF এর যৌথ উদ্যোগে আজ থেকে তিনদিনের এক কর্মশালা শুরু হয়েছে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের প্রতিমন্ত্রী কৌশিক চৌধুরী বিধাননগরে

আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, বিশেষ ভাবে সক্ষম এই শিশুরা জাতীয় শিক্ষা নীতি ২০২০-র আওতায় যাতে সাধারণ বিদ্যালয়গুলিতে অন্যদের সঙ্গে পড়তে পারে সে ব্যাপারে উদ্যোগ নেওয়া হয়েছে। সরকারি বিদ্যালয়গুলিতেও সেই ধরনের পরিকাঠামো গড়ে তোলা হবে।

(বাইট – কৌশিক চৌধুরী)

**oooooooooooooooo**

রাজ্য জুড়ে পরিচ্ছন্নতা বৃদ্ধি এবং দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পশ্চিমবঙ্গে আজ থেকে কঠোরভাবে নতুন নাগরিক বিধি কার্যকর হয়েছে। এর অধীনে যত্রতত্র থুতু বা ময়লা ফেলা এবং প্রকাশ্যে মলমুত্র ত্যাগের ক্ষেত্রে জরিমানার পাশাপাশি কড়া ব্যবস্থা নেওয়া হবে। নিষিদ্ধ প্লাস্টিকের ব্যবহার, অনৈতিকভাবে বর্জ্য স্তূপ করে রাখা এবং জনগণের ব্যবহার্য রাস্তার ওপর নির্মাণ সামগ্রী রেখে দেওয়ার ক্ষেত্রেও গুণতে হবে জরিমানা। নতুন বিধিতে বেআইনী পার্কিং এবং সরকারি জমি বা রাস্তা দখলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে। পাশাপাশি শহরাঞ্চলে রাতে রাস্তার পাশে গাড়ি পার্ক করার জন্যও নির্দিষ্ট ফি চালু করা হবে। পুর ও নগোরন্নায়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন, পরিচ্ছন্নতা, স্যানিটেশন এবং নাগরিক শৃঙ্খলা আরও বাড়িয়ে তুলতেই রাজ্য সরকারের এই পদক্ষেপ।

**oooooooooooooooo**

প্রশাসনিক কাজকর্মে স্বচ্ছতা আনার লক্ষ্যে রাজ্য সরকারের সমস্ত চিঠিপত্রে আধিকারিকদের স্বাক্ষর ও সিল বাধ্যতামূলক করা হয়েছে। আজ থেকেই এই নিয়ম বাধ্যতামূলক করা হয়েছে। কর্মীবর্গ ও প্রশাসনের সংস্কার দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিবের এই নির্দেশিকা রাজ্য ও জেলা স্তরে সব দপ্তর ও বিভাগে ইতোমধ্যেই পাঠিয়ে দেওয়া হয়েছে।

**০০০০০০০০০০০০০০০০০**

রাজ্যের আসন্ন পুর নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে সংশ্লিষ্ট জেলাশাসকদের সঙ্গে আগামীকাল জরুরি বৈঠকে বসছে রাজ্য নির্বাচন কমিশন। যে জেলাগুলিতে নির্বাচন হওয়ার কথা রয়েছে, সেখানে প্রশাসনিক প্রস্তুতি, ইভিএমের পরিমাণ ও সংরক্ষণ ব্যবস্থা, ভোটকেন্দ্রের পরিকাঠামো, জনবল এবং আইনশৃঙ্খলা-সহ সার্বিক পরিস্থিতি নিয়ে বিস্তারিত পর্যালোচনা হবে বলে জানা গেছে। পাশাপাশি নির্বাচনী সূচি ঘোষণার আগে কোনও ক্ষেত্রে সমস্যা বা ঘাটতি থাকলে তা দ্রুত চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার বিষয়েও জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হতে পারে।

**০০০০০০০০০০০০০০০০০**

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং সংলগ্ন উত্তর ওড়িশা উপকূলের ওপর তৈরি হওয়া সুস্পষ্ট নিম্নচাপের প্রভাবে আগামী ২৪ ঘন্টা কলকাতা, বাঁকুড়া, হাওড়া, হুগলি, দুই বর্ধমান, বীরভূম এবং পুরুলিয়ায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। দক্ষিণবঙ্গের অন্যান্য জেলাতেও রয়েছে বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা। তবে ধীরে ধীরে বৃষ্টির পরিমাণ কমবে ।

অন্যদিকে উত্তরবঙ্গে জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং মালদা জেলায় ভারী বৃষ্টির হলুদ সর্তকতা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দফতরের অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(বাইট – হাবিবুর রহমান বিশ্বাস)

**০০০০০০০০০০০০০০০০০**

**০০০০০০০০০০০০০০০০০**